# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 22 May, 2025

সরকারি চাকরিজীবীদের জন্য নতুন আইন করতে যাচ্ছে অন্তর্বর্তী সরকার। এই আইনের আওতায় চাকরিবিধি লঙ্ঘন করলে তদন্ত ছাড়াই ২০ দিনের মধ্যে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের চাকরিচ্যুত করা যাবে এমন বিধান রাখার প্রস্তাব করা হয়েছে।বৃহস্পতিবার (২২ মে) উপদেষ্টা পরিষদের বৈঠকে এ বিষয়ে প্রস্তাব উপস্থাপন করবে জনপ্রশাসন মন্ত্রণালয়।

বৃহস্পতিবার সকাল ১০টায় রাজধানীর তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে উপদেষ্টা পরিষদের বৈঠক অনুষ্ঠিত হবে। ওই বৈঠকে ২০১৮ সালের সরকারি চাকরি আইনের সঙ্গে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ-১৯৭৯ যুক্ত করার এই প্রস্তাব উপস্থাপন করবে জনপ্রশাসন মন্ত্রণালয়।

জানা গেছে, উপদেষ্টা পরিষদে অনুমোদন পেলে অবিলম্বে এটি কার্যকর হবে এমন সিদ্ধান্ত হয়েছে। এ ক্ষেত্রে শাস্তিপ্রাপ্ত ব্যক্তিরা আদালতের কাছেও প্রতিকার চাইতে পারবেন না।

তবে এমন সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়ে বিবৃতি দিয়েছে বাংলাদেশ সচিবালয় কর্মকর্তা-কর্মচারীদের সংযুক্ত পরিষদের দু’টি। পাশাপাশি আন্তঃমন্ত্রণালয় কর্মচারী অ্যাসোসিয়েশনও এমন সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়েছে।

সরকারি চাকরিজীবী অন্তর্বর্তী সরকার জনপ্রশাসন মন্ত্রণালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:46

URL: https://www.timestodaybd.com/public/national/7758072806